



৪৪

### ডাকসু কর্মকর্তাদের কার্যভার গ্রহণ

(স্টাফ রিপোর্ট)

ডাকসুর নবনির্বাচিত কর্মকর্তারা গতকাল আইস চ্যান্সেলরের বসভবনে তাদের কার্যভার গ্রহণ করেছেন। সকাল ৯টার এই কার্যভার গ্রহণের সময় ভিসি ভবনের বাইরে কড়া পুলিশ প্রহরা মেতায়েন ছিল।

এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে সংশ্লিষ্ট বক্তৃতা দেয় ডাকসুর সভাপতি আইস চ্যান্সেলর (শেষ পৃষ্ঠা ৮-এর কঃ প্রঃ)

### কার্যভার গ্রহণ

(১-এর পরঃ পরঃ)

ডাকসুর প্রফেসর আবদুল মান্নান বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর এমাজউদ্দীন আহমদ, ডাকসুর ভিপি সুলতান মেহাম্মদ মনসুর আহমদ, জিএস মশতাক হোসেন, ডাকসু নির্বাচনের চীফ রিটার্নিং অফিসার প্রফেসর আহসানুল হক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মসিহুজ্জামান, অফিসার সমিতির সভাপতি ডক্টর সিরাজুল ইসলাম, কর্মচারী সমিতির সভাপতি আশিফুল হক এবং কারিগরি ও চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতির সভাপতিস্বরূপ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ডাকসুর ভিপি ও আইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান নবনির্বাচিত ডাকসু কর্মকর্তাদের অভিনন্দন জানিয়ে আশা প্রকাশ করেন যে পূর্বমত সহিষ্ণুতা ও পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল থেকে বিশ্ববিদ্যালয়ের বক্তৃতা, পক্ষ, সকল ছাত্রছাত্রী, শিক্ষক, অফিসার, কর্মচারী ও অভিভাবকদের সহযোগিতায় ডাকসুর ঐতিহ্যকে অক্ষয় রাখতে হবে। তিনি ক্যাম্পাসে শান্তিপূর্ণ ও শিক্ষার সূত্র পরিবেশ অক্ষয় রাখার আহ্বান জানান।

প্রো-ভিসি প্রফেসর এমাজউদ্দীন বলেন, নবনির্বাচিত ডাকসুকে সকল ধরনের সংকীর্ণতার উর্ধ্বে উঠে বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য ও গৌরব বৃদ্ধির প্রচেষ্টায় অবদান রাখতে হবে।